


১৯
২৭

সাপ্রিমেন্টারি পরীক্ষার দাবি পাচ মেডিকাল কলেজ শিক্ষার্থীদের ক্লাস বর্জন

চট্টগ্রাম অফিস

অবিলম্বে সাপ্রিমেন্টারি পরীক্ষা শেষ করার দাবিতে চট্টগ্রাম ও কুমিল্লা মেডিকালসহ পাচটি মেডিকাল কলেজের প্রায় ২০০ পরীক্ষার্থী গতকাল রবিবার ক্লাস বর্জন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেছে। ওইসব পরীক্ষার্থী গতকাল চট্টগ্রাম মেডিকাল কলেজের প্রিন্সিপাল ও ডিন অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। প্রিন্সিপাল বর্তমানে ঢাকায় অবস্থান করায় তারা ডিরেক্ট প্রিন্সিপালের কাছে স্মারকলিপি দেন।

কর্মসূচি উপলক্ষে চমেক ক্যাফেটারিয়ায় আয়োজিত সংবাদ সম্মেলনে প্রথম ও দ্বিতীয় ব্যাচের প্রফেশনাল পরীক্ষার্থীরা জানান, এ বছরের জানুয়ারিতে ১৫ ক ৩ অনুষ্ঠিত প্রফেশনাল



সাপ্রিমেন্টারি পরীক্ষার দাবিতে চট্টগ্রাম মেডিকাল কলেজে শিক্ষার্থীদের বিক্ষোভ

—যাযাদি

পাচ মেডিকাল কলেজ

(শেষ পৃষ্ঠার পর)

পরীক্ষায় চট্টগ্রাম ও কুমিল্লা মেডিকালের দুটি ব্যাচের ১৫৫ এবং কুমিল্লা ও চট্টগ্রামের তিনটি বেসরকারি মেডিকালের ৪৩ শিক্ষার্থী অকৃতকার্য হয়। নিয়ম অনুযায়ী এ মাসের মধ্যে তাদের পরীক্ষা হওয়ার কথা। কিন্তু অবকাঠামোগত সমস্যার কারণে চট্টগ্রামের বিজিসি ট্রাস্ট নামে একটি বেসরকারি মেডিকাল কলেজের পরীক্ষা নিতে অস্বীকৃতি জানায় চট্টগ্রাম ইউনিভার্সিটি। এ সিদ্ধান্তের বিরুদ্ধে বিজিসি ট্রাস্ট মামলা করলে ১ জুলাই থেকে পাচ মেডিকাল কলেজের পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও তা স্থগিত করে কর্তৃপক্ষ। সংবাদ সম্মেলনে বলা হয়, অন্যান্য ইউনিভার্সিটির অধীনে ১৩টি সরকারি মেডিকাল কলেজসহ সব বেসরকারি মেডিকাল কলেজে সাপ্রিমেন্টারি পরীক্ষা শেষ। এ মাসের মধ্যে পরীক্ষা দিতে না পারলে শিক্ষার্থীরা এক বছর পিছিয়ে যাবেন। এতে সেশনজট সৃষ্টি হবে।

পরীক্ষার্থীরা এ মাসের মধ্যেই পরীক্ষা নেয়ার দাবি জানান। দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা ক্লাস বর্জন করবেন। প্রয়োজনে আমরণ অনশন কর্মসূচি পালন করবেন বলেও জানিয়েছেন তারা। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়েন কাজী রেজাউল আহসান নির্বর।

বেসরকারি মেডিকাল কলেজগুলো হচ্ছে কুমিল্লার সেন্ট্রাল মেডিকাল ও ইস্টার্ন মেডিকাল এবং চট্টগ্রামের বিজিসি মেডিকাল কলেজ।